



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
এইচডি মিডিয়া
www.a2i.gov.bd

২৩ জৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ০৬ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৫৬.৮৩.০০০০.০১৭.৯৯.০১০.২৪.১০

বিষয়: “স্মার্ট বাংলাদেশ লোগো ডিজাইন প্রতিযোগিতা” ক্যাম্পেইনের বহু প্রচার প্রসঙ্গে।

সূত্র: ০৩.০০.২৬৯০.০৭৫.০২.০০৯.২০২২-১৬

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২০৪১ সালের বাংলাদেশকে একটি সাশ্রয়ী, টেকসই, জ্ঞানভিত্তিক, বৃক্ষিপ্ত এবং উন্নতাবনী ‘স্মার্ট বাংলাদেশ’ বৃপ্তাত্তের ঘোষণা দিয়েছেন, যেখানে তিনি স্মার্ট নাগরিক, স্মার্ট অর্থনীতি, স্মার্ট সরকার, স্মার্ট সমাজ ব্যবস্থা এই চারটি ভিত্তির উপর গুরুত্বারোপ করেছেন। তৎপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৯ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে “স্মার্ট বাংলাদেশ ক্যাম্পেইন” পরিকল্পনা ও প্রচার সংক্রান্ত একটি সভা প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

২। উক্ত সভার উপস্থাপনা ও আলোচনাভিত্তিতে “স্মার্ট বাংলাদেশ লোগো ডিজাইন প্রতিযোগিতা” আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। উক্ত লোগো প্রতিযোগিতা প্রধানমন্ত্রীর কার্যালয়ের নির্দেশনায়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের উদ্যোগে এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম ও এন্হ্যান্সিং ডিজিটাল গভর্নমেন্ট অ্যান্ড ইকোনমি (ইডিজিই) প্রকল্প-এর কারিগরি সহযোগিতায় বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। উক্ত লোগো ডিজাইন প্রতিযোগিতাটি দেশের তরুণ, যুবক, পেশাদার ডিজাইনারসহ সকল বয়স ও শ্রেণি-পেশার মানুষকে অবহিতকরণ এবং “স্মার্ট বাংলাদেশ লোগো ডিজাইন প্রতিযোগিতা” ক্যাম্পেইনে নাগরিকদের সম্পৃক্ততা বৃদ্ধিতে দেশব্যাপী ব্যাপক প্রচার অত্যাবশ্যক। এজন্য উক্ত ক্যাম্পেইনের অংশ হিসেবে দেশের সকল জেলার শিক্ষার্থী, তরুণ, যুবকসহ জনসাধারণের অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা অফিসের ফেসবুক পেইজ সহ বিভিন্ন প্রচার মাধ্যম ব্যবহার করে বহু প্রচার করা যেতে পারে। সোশ্যাল মিডিয়াতে প্রচারের জন্য ডিজিটাল কন্টেন্টসহ নিয়ন্ত্রুপ গুগল ড্রাইভ সংযুক্ত করা হলো। উক্ত ড্রাইভ লিংকে নিয়মিত কনটেন্ট আপলোড করা হবে।

লিংক:

https://drive.google.com/drive/folders/1YXPOCT7XdZfs5mo4T8SNiMhIdVxowsQM?usp=drive_link

৪। এমতাবস্থায়, “স্মার্ট বাংলাদেশ লোগো ডিজাইন প্রতিযোগিতা” ক্যাম্পেইনটি প্রচারে সহযোগিতার জন্য অনুরোধ করা হলো।

০৬-০৬-২০২৪

মোঃ মামুনুর রশীদ ভূঞ্চা

প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)

৫৫০০৬৯৩১

pd@a2i.gov.bd

জেলা প্রশাসক সকল।

দ্রষ্টি আকর্ষণ:

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)।



সকল সংযুক্তিসমূহ:

(১) সভার কার্যবিবরণী